

ধর্মঘট সত্ত্বেও ঢাকা বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা হয়েছে, তিনটি নতুন বিভাগ চালুর সিদ্ধান্ত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ সারা দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয়তাবাদী ছাত্রদল আহৃত ধর্মঘট সত্ত্বেও রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষা নির্ধারিত সময়ে অনুষ্ঠিত হয়েছে। সংশ্লিষ্ট সকল পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়েছে। একাডেমিক কমিটির নির্ধারিত সভা ও নির্বাচনী কমিটির সভা যথারীতি অনুষ্ঠিত হয়েছে। একাডেমিক কমিটির সভায় তিনটি নতুন সাবজেক্ট চালু করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। এগুলো হচ্ছে মুক্তি সংগ্রাম ও বাংলাদেশ স্টাডিজ বিভাগ, জেনেটিক ইঞ্জিনিয়ারিং এ্যান্ড বায়োটেকনোলজি বিভাগ ও বাণিজ্য অনুষদে ইভিনিং শিফটে এমবিএ।

ছাত্রদল আহৃত ধর্মঘট সত্ত্বেও বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন, কেন্দ্রীয় লাইব্রেরীও সায়েন্স লাইব্রেরী খোলা ছিল। কয়েকটি বিভাগে ক্লাসও অনুষ্ঠিত হয়েছে। ছাত্রদল ও ছাত্রলীগ ধর্মঘটের পক্ষে বিপক্ষে মিছিল-সমাবেশ করেছে। কর্তৃপক্ষের সতর্ক অবস্থান গ্রহণ ও সংযত আচরণের কারণে কোন রকম বিশৃঙ্খলা সৃষ্টি হয়নি।

বারো দফা দাবিতে ২৫ এপ্রিল প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখে বিক্ষোভ মিছিলে বাধার কারণে ছাত্রদল এই ধর্মঘট কর্মসূচী ঘোষণা করে। ছাত্রদলের এই কর্মসূচীর মধ্যে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরীক্ষা নেয়ার সিদ্ধান্ত বহাল রাখে। এই কারণে ক্যাম্পাসে ধর্মঘটে পরিষ্কার সৃষ্টি হয়েছিল। গতকাল সকালে ছাত্রদল কর্মীরা কলাভবনের গেটগুলোতে ভাঙ্গা লাগিয়ে দেয়ার কারণে এখানে কোন ক্লাস-পরীক্ষা

হয়নি। ছাত্রদল ধর্মঘটের সমর্থনে ক্যাম্পাসে মিছিল-সমাবেশ করেছে। কলাভবনের মেনগেটে আয়োজিত ছাত্রদলের সমাবেশে বক্তৃতা করেন মনোয়ার হোসেন রানা, মনির হোসেন, মুস্তাফিজুল ইসলাম, মামুন প্রমুখ নেতা। ছাত্রদল নেতৃবৃন্দ অবিলম্বে বর্তমান সরকারের পদত্যাগ দাবি করেছে।

অন্যদিকে ক্যাম্পাসে হরতালের বিপক্ষে মিছিল শেষে বটতলায় ছাত্রলীগ সমাবেশ করেছে। সমাবেশে বক্তৃতা করেন বাহাদুর বেপারী, অজয়কর খোকন, বলরাম পোন্দার, লিয়াকত শিকদার, রফিকুল ইসলাম কোতয়াল, সজ্জাদ হোসেন প্রমুখ। ছাত্রলীগ সভাপতি বাহাদুর বেপারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে 'এমার্জেন্সি' ঘোষণা করে এতে ধর্মঘট আহ্বান না করার অনুরোধ জানিয়েছেন।

এদিকে ধর্মঘটের মধ্যেও গতকাল উপাচার্য অধ্যাপক একে আজাদ চৌধুরীর সভাপতিত্বে একাডেমিক কাউন্সিলের এক সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় দু'টি বিভাগ মুক্তি সংগ্রাম ও বাংলাদেশ স্টাডিজ ও জেনেটিক ইঞ্জিনিয়ারিং এ্যান্ড বায়োটেকনোলজি বিভাগ খোলার সিদ্ধান্ত হয়েছে। এ ছাড়া সভায় বিশ্ববিদ্যালয়ে বিজনেস স্টাডিজ অনুষদে ইভিনিং শিফটে এমবিএ প্রোগ্রাম চালু করার সিদ্ধান্ত নেয়া হয়েছে।

ক্যাম্পাসের বাইরে ছাত্রদল ঢাকা কলেজ, তেজগাঁ কলেজ ও বদরুন্নেসা কলেজে সমাবেশ করেছে। ঢাকা কলেজের সামনে অনুষ্ঠিত সমাবেশে বক্তৃতা করেন সংগঠনের কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক নাসির উদ্দীন আহমেদ পিটু।